



লা লিগায় এমবাল্পে ও রদ্রিগোর নৈপুণ্যে জয়ের স্বস্তি রিয়াল মাদ্রিদের



সংগৃহীত ছবি

স্প্যানিশ লা লিগায় দেপোর্তিভো আলাভেসকে ২-১ গোলে পরাজিত করেছে রিয়াল মাদ্রিদ। এই জয়ের পর ১৭ ম্যাচে ৩৯ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে আছে লস ব্লাঙ্কোসরা, শীর্ষে থাকা বার্সেলোনার থেকে এখনো ৪ পয়েন্ট পিছিয়ে তারা।

রোববার (১৪ ডিসেম্বর) আলাভেসের মাঠে অনুষ্ঠিত ম্যাচে শুরু থেকেই দুই দলের আক্রমণাত্মক ফুটবলে জমে ওঠে লড়াই। ম্যাচের ২৪তম মিনিটে চোট কাটিয়ে ফেরা কিলিয়ান এমবাল্পে রিয়ালকে এগিয়ে দেন। জুড বেলিংহামের বাড়ানো বল নিয়ন্ত্রণে নিয়ে নিখুঁত ফিনিশে ব্যবধান গড়ে দেন ফরাসি তারকা। প্রথমার্ধে আর কোনো গোল না হলে ১-০ লিড নিয়েই বিরতিতে যায় রিয়াল।

বিরতির পর ৬৮তম মিনিটে একটি গোল শোধ করে ম্যাচে ফেরার ইঙ্গিত দেয় স্বাগতিক আলাভেস। তবে তাদের আশা বেশিক্ষণ টেকেনি। ৮ মিনিট পর ভিনিসিয়ুস জুনিয়রের পাস থেকে রদ্রিগো গোল করলে আবারও এগিয়ে যায় রিয়াল মাদ্রিদ এবং শেষ পর্যন্ত জয় নিশ্চিত করে।

কঠিন সময়ে পাওয়া এই জয় কোচ আলোনসোর শিষ্যদের জন্য স্বস্তির বার্তাই বয়ে এনেছে। অন্যদিকে, সমান ম্যাচে ৪৩ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষস্থান ধরে রেখেছে বার্সেলোনা।